

তারিখ: .....  
 পৃষ্ঠা: .....  
 কলাম: .....

তারিখ: 10 JUL 2012  
 পৃষ্ঠা: ৭ কলাম: ৪

## বুয়েটে শিক্ষকদের কর্মবিরতি চলছে: মৌন মিছিল আজও

**বিদ্যালয় পরিদর্শন**

জিপি ও প্রোভিসির পদত্যাগের দাবিতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েটে) শিক্ষকদের আন্দোলন চলছে। মোনবার তৃতীয় দিনের মতো দুই ঘণ্টার কর্মবিরতি পালন করেছে শিক্ষকরা। পূর্বে ঘোষিত কর্মসূচি অনুযায়ী সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত শিক্ষকরা এ কর্মবিরতি পালন করেন। নাম প্রকাশ না করে কয়েকজন শিক্ষক দুপাড়াগে বাসেন, তাদের দাবি অনুযায়ী জিপি ও প্রোভিসির পদত্যাগ না করা পর্যন্ত এ আন্দোলন চলবে। তারা বলেন, আগামী ১৪ জুলাইয়ের মধ্যে যদি তারা পদত্যাগ না করেন তবে পূর্ণ কর্মবিরতি শুরু হবে। বুয়েটের গৌরবোদ্ধল ঐতিহ্য বজায় রাখি তারা এ আন্দোলন করেছেন বলেও দাবি করেন শিক্ষকরা। এদিকে জানা গেছে, তারা একই দাবিতে কর্মবিরতি ও মৌন মিছিল করবে বুয়েটের শিক্ষকরা।

জিপি-প্রোভিসির দুর্নীতি, অনিয়ম, শিক্ষক নিয়োগে নীচেরগনন্ব বিভিন্ন অভিযোগের সূত্র তুলে ধরে বিচারসহ ১৮ দাবী দাবি দিয়ে আন্দোলন শুরু করে বুয়েটের শিক্ষকরা। কিন্তু তাদের এসব দাবি না মানায় শনিবার থেকে তৃতীয় বারের মতো কর্মবিরতির ডাক দেন প্রতিষ্ঠানের শিক্ষকরা। পূর্বে ঘোষিত কর্মসূচি অনুযায়ী শনিবার সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত কর্মবিরতি ও দুপুরে ক্যান্টিনে মৌন মিছিল করেন বুয়েটের শিক্ষক সমিতি। এরপর রোমবার একইভাবে তারা কর্মবিরতি পালন করেন। প্রথমত ৭ এপ্রিল থেকে ৫ মে বুয়েটের শিক্ষকরা একই দাবিতে কর্মবিরতি পালন করেন। ওই সময় প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম অচলাবস্থা তৈরি হলে প্রধানমন্ত্রী শিক্ষকদের ডেকে নিয়ে তাদের দাবি মানার ব্যাপারে আশ্বাস দেন। এসময় শিক্ষকরা প্রধানমন্ত্রীর আশ্বাস বাতব্যানের জন্য এক মাসের সময় বেঁধে দেন। কিন্তু ওই সময়ের মধ্যে তাদের দাবি বাতব্যান না হওয়ায় আবার আন্দোলন শুরু করেন বুয়েটের শিক্ষকরা। যার প্রবেশ হিসাবে প্রথমে তারা একাডেমিক কার্যক্রম চালানোর পাশাপাশি মানববন্ধন ও মৌন মিছিলের মতো কর্মসূচি পালন করত। কিন্তু এতেও দাবি বাতব্যান না হওয়ায় এবার আবারও কর্মবিরতির ডাক দিলেন শিক্ষকরা।